# সুদীপ্তসারদাসংবাদ

দুঃস্বপ্নে আছি রত। সুদীপ্ত নাম যার

কেউ জানে না কার পুত্র, কার গর্ভজাত

সেই আমি– কহো মোরে তুমি কে গো মাতঃ!

সারদাঃ   বৎস, তোর জালিয়াতির পদে পদে

পরিচয় করায়েছিস মোরে বিশ্ব-সাথে

সেই আমি, মাথায় কলঙ্কের তাজ

চিট ফান্ডের নামে মোর পরিচয় আজ।

কহি তোরে ঠগ, সারদা আমি।

সুদীপ্তঃ   তুমি সারদা! সৎ -এরও জননী!  অসৎ -এরও জননী!

সারদাঃ   অসৎ -এর জননী বটে! তাই মনে গনি

ফুর্তি করিয়ো না বৎস। আজো মনে পড়ে

বামফ্রন্ট আমলে, ব্যবসা ফাঁদিলে তুমি
কলিকাতার নিকটে। হেনকালে করি রাস্তা
মহাকরণে পশিলেন দেবী মমতা
প্রতীকী সততা। তখনি তুমি পালটি খেয়ে
চিটফান্ডের চিটেগুড়ের ভাণ্ড লয়ে
মুখ্যমন্ত্রীকে প্রণমিলে দিদি সম্ভাষণে।
ক্ষমতার অলিন্দে পিঁপড়ে ছিল যত
তাদের দেখে বাক্যহীনা আমি অভাগিনী
আমাকে দংশাল যেন সহস্র নাগিনী
ঘৃণায় জর্জর বক্ষে। কাহার হস্ত
তোমার দুগালে দিল অদৃশ্য চড় মস্ত।
আমি সেই অসৎ -এর জননী।
সুদীপ্তঃ শুনি স্বপ্নসম,
হে দেবী, তোমার বানী। হেরো, অন্ধকার

ব্যাপিয়াছে রাজ্যজুড়ে, ঘরে ঘরে হাহাকার_

শব্দহীনা দিদিমণি। কোটিমূল্যে কিনিয়াছি

তার ছবি। ডেলোর শিখরে করিয়াছি কেলো।

হেরো দেবী, মোর লাগি কত মিডিয়ায়

জ্বলিয়াছে লাল দীপালোক, কত সংসারে

মোর মুণ্ড চাহি, লক্ষ ক্রুদ্ধস্বরে

“মার ” ”মার” শব্দ উঠিছে বাজিয়া। শুনিয়াছি লোকমুখে

আজ দিদির পরিত্যক্ত আমি। কেন আজি ফেলিয়া হেলায়

আমাকে দেখিয়া দিদি ছুটিয়া পালায় ? কহো মোরে

মমতা আমায় কেন নাহি নিল ক্রোড়ে?

বাহুবলে করিয়াছ, হে বৎস, বিস্তার! এক ফোনে

এক লাখ দিয়েছে কুণাল, সৃঞ্জয় ধরেছে সংবাদপত্র,

মদন বীর সারথি ছিলেন রথে, শতাব্দী অ্যাম্বাসাডার।

তুমিই পালের গোদা অখণ্ড প্রতাপে ছিলে, নারীদের সনে

মিডল্যান্ড পার্কের রত্নসিংহাসনে।

সুদীপ্তঃ নারীদের সনে!

রাজসাক্ষী হতে চায় মুখোপাধ্যায় দেবযানী ।

আমাকে শোনাচ্ছ, মাতঃ, নারীদের কাহিনী।

জনতার যে সম্পদ করেছি সঞ্চিত

সে আর ফিরায়ে দেওয়া মোর সাধ্যাতীত।

টাকা মোর, ব্যবসা মোর, মোর মিডিয়াকুল

এক মুহূর্তেই, মাতঃ, হয়েছে ভণ্ডুল

দেবযানীর গ্রেপ্তারের ক্ষণে। সেন স্যারকে ভুলি

আজ যদি সি বি আইকে সব বলে মুখ খুলি,

তবে ধিক তাকে।

সারদাঃ হায় ধর্ম, বাতাসেতে নড়ে

দণ্ড তব। সেইদিন কে জানিত, হায়,

দুধকলা দিয়ে পুষেছিলি যারে, অসহায়,

সেই আজি নিজেকে বাঁচাতে, তোর পিঠে

আপন নির্মম হস্তে অস্ত্র আনি হানে।

এ কী অভিশাপ!

সুদীপ্তঃ মাতঃ, হইতেছে ভয়।

নিন্দুকেরা বন্দুকেতে গুলি ভরে রয়।

টাকা ফেরত দিতে মোরে কোর না আহবান,

রাজা হোক যারা দেয় সিগারেটে টান।

শুধু এই আশীর্বাদ দিয়ে যাও মোরে

নোট লোভে, জোট লোভে, ভোট লোভে, যারা,

আমাকে ফাঁসাল তাদের পশ্চাদ যাক মারা।